সংলগ্নী-১০

(পুনর্ভরণযোগ্য প্রকল্পসমূহের জন্য সেফ তহবিল পরিচালনা পদ্ধতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন উইং

নং - অম/ অবি/ উঃ গঃ শাঃ ১৬/ ৯৩/ ২৩৪ তারিখ ঃ ০৫/০৮/১৯৯৩ইং

বিষয় ঃ পুনর্ভরণযোগ্য প্রকল্পসমূহের জন্য সেফ হিসাব পরিচালন পদ্ধতি।

পুনর্ভরণযোগ্য প্রকল্পসমূহের জন্য সেফ হিসাব পরিচালন এবং বাংলাদেশ ব্যাংকের সাব-সেফ একাউন্ট হইতে বাণিজ্যিক ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট প্রকল্পের একাউন্টে স্থানীয় মুদ্রায় অর্থ স্থানান্তরের নিয়মাবলী ঃ

ক. যে সব পুণর্ভরণযোগ্য প্রকল্পের জন্য এখন পর্যন্ত বাণিজ্যিক ব্যাংকে হিসাব খোলা হয় নাই এই ধরণের প্রকল্পের হিসাব খোলার জন্য প্রকল্প কর্তৃপক্ষ প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে ডিসিএ -এর অনুলিপিসহ অর্থ বিভাগের উন্নয়ন উইং এর নিকট প্রস্তাব করিবে। অর্থ বিভাগ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত যে কোন একটি ব্যাংককে মনোনীত করিবে। প্রশাসনিক মন্ত্রণালয় বিভিন্ন প্রকল্পের জন্য ভিন্ন ভিন্ন ব্যাংকের নাম প্রস্তাব করিবে। নির্ধারিত ব্যাংকের শাখা নির্ধারণ প্রকল্প কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী ব্যাংকের প্রধান কার্যালয় স্থির করিবে।

খ. কেবলমাত্র স্থানীয় মুদ্রায় খরচ নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ (অর্থাৎ টাকা) বাংলাদেশ ব্যাংক হইতে বাণিজ্যিক ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট প্রকল্প একাউন্টে স্থানান্তর করা যাইবে।

গ. বাংলাদেশ ব্যাংকের সাব সেফ একাউন্ট হইতে বাণিজ্যিক ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট প্রকল্প একাউন্টে প্রারম্ভিকভাবে স্থানান্তরযোগ্য অর্থের পরিমাণ উন্নয়ন উপযোগী কর্তৃক ঐ প্রকল্পের জন্য প্রদত্ত প্রারম্ভিক জমার বেশী হইবে না।

ঘ. পরবর্তী কালে স্থানান্তরযোগ্য অর্থের পরিমাণ ঐ প্রকল্পের জন্য উন্নয়ন সহযোগী কর্তৃক পুণর্ভরণযোগ্য অর্থের বেশী হইবে না। এই শর্ত সকল প্রকল্পের জন্য সমভাবে প্রযোজ্য হইবে।

ঙ. চলতি অর্থ বৎসরে সর্বমোট স্থানান্তরযোগ্য অর্থের পরিমাণ কোন মতেই বার্ষিক উন্নয়ন কর্মসূচী উন্নয়ন বাজেটে সংশ্লিষ্ট প্রকল্পের জন্য পুণর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের বেশী হইবে না। (যতক্ষন পর্যন্ত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী উহার হেরফের হইবে না) তবে বিশেষ ক্ষেত্রে এবং অর্থ বিভাগের পূর্বানুমোদনক্রমে যদি কোন দপ্তর/ সংস্থা কোন নির্দিষ্ট অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমিত রাখিয়া নিজস্ব উৎস হইতে ব্যয় নির্বাহ করিয়া উক্ত অর্থ বৎসরে দাতার নিকট হইতে পুনর্ভরণেরজন্য দাবী পেশ করেন এবং দাতা যদি ঐ একই বৎসরে পুনর্ভরণেরপরিবর্তে পরবর্তী অর্থ বৎসরে উক্ত অর্থ পুণর্ভরণ করেন তবে প্রকল্প কর্তৃপক্ষের হিসাবে স্থানান্তরের পূর্ববর্তী বৎসরের বাজেট বরাদ্দই এই উদ্দেশ্যে বাজেট বরাদ্দ হিসাবে গ্রহনযোগ্য হইবে এবং এই পরিমাণ অর্থের জন্য পরবর্তী বৎসরের বাজেটে বরাদ্দের প্রয়োজন হইবে না। তবে এরূপ ব্যয় এবং অর্থ স্থানান্তরের জন্য অর্থ বিভাগের পূর্বানুমোদন অবশ্যই প্রয়োজন হইবে।

চ. যেহেতু সেফ-তহবিল প্রকল্প সাহায্য/ পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের একটি অগ্রিম অংশ যেহেতু সংশ্লিষ্ট প্রকল্পের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচী/ উন্নয়ন বাজেটের পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য বরাদ্দ হইতে প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক অর্থ বিভাগের পূর্বসম্মতি ব্যতিরেকে কোন অর্থ অবমুক্ত করা যাইবে না।

ছ. বাংলাদেশ ব্যাংক হইতে প্রকল্প একাউন্টে স্থানান্তরকৃত অর্থ পুণারাদেশ না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট প্রকল্প ছক/ উন্নয়ন ঋণ চুক্তি অনুযায়ী খরচ নির্বাহের জন্য এই একাউন্টে রক্ষিত অব্যয়িত অর্থের পরিমান সম্পর্কে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বহিঃ সম্পদ বিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিবেন।

জ. উন্নয়ন সহযোগীর নিকট হইতে প্রাপ্ত বাংলাদেশ ব্যাংকের সাব-সেফ একাউন্টে রক্ষিত সেফ -তহবিলে অব্যয়িত অর্থ (অর্থ বিভাগের অথারাইজেশন সাপেক্ষে একাউন্টে স্থানান্তরিত না হইলে) ঐ একাউন্টে জমা থাকিবে।

ঝ. বাংলাদেশ ব্যাংকের সাব-সেফ একাউন্ট হইতে স্থানান্তরকৃত সেফ তহবিলের অর্থ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কেবল মাত্র সংশ্লিষ্ট প্রকল্প/ উন্নয়ন ঋণ চুক্তির অনুযায়ী গ্রহনযোগ্য ব্যয়সমূহ (Admissible Ligible Expenditure) নির্বাহের জন্য (অর্থাৎ যে সকল ব্যয় উন্নয়ন সহযোগী কর্তৃক পুনর্ভরণযোগ্য) টাকায় খরচ করিতে পারিবেন।

ঞ. প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা বৈদেশিক মুদ্রার প্রয়োজন অনুভব করিলে তাহাদের অনুমোদিত ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে উহা স্থানান্তরের জন্য অনুরোধ করিবেন। তবে এ ধরনের অনুরোধ সংশ্লিষ্ট সিএও কর্তৃক পৃষ্ঠাংকন করিতে হইবে। বাংলাদেশ ব্যাংক সিএও -এর নিকট অনুরোধ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যাংকে প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা স্থানান্তর করিবেন। সাব সেফ একাউন্ট হইতে বহনযোগ্য ব্যয়সমূহ বৈদেশিক মুদ্রায় নির্বাহের জন্য সমপরিমাণ টাকা জমা দান পদ্ধতি এ ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক রেহাই দেওয়া হইবে এবং উক্ত লেনদেনের ক্ষেত্রে আনুষ্ঠানিক বৈদেশিক মুদ্রা বিনিময় হার (Official Rate of Exchange) প্রযোজ্য হইবে।

ট. যে সকল সরকারী দপ্তর/ সংস্থার বাংলাদেশ ব্যাংকের রক্ষিত সরকারী একাউন্টের অনুকূলে চেক ইস্যুর ক্ষমতা রহিয়াছে তাহাদের বাণিজ্যিক ব্যাংকে কোন একাউন্ট (সেফ -তহবিল সদ্ব্যবহারের জন্য) খুলিবার প্রয়োজন নাই। এই সকল দপ্তর/ সংস্থা বাংলাদেশ ব্যাংকে রক্ষিত তাহাদের স্ব স্ব একাউন্টের মাধ্যমে সেফ -তহবিল পরিচালনা করিতে পারেন। তবে এই সকল দপ্তর/ সংস্থা পৃথক হিসাব বহি, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ করিবেন যাহাতে সেফ -তহবিল সংক্রান্ত ইত্যাদি খরচাদি সংস্থার অন্যান্য খরচাদি হইতে পৃথকভাবে চিহ্নিত করা যায়।

ঠ. সেফ -তহবিল সংক্রান্ত অর্থ কেবলমাত্র বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অনুমোদিত উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে স্থানান্তর করা যাইবে। অননুমোদিত উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সম্মতি গ্রহণপূর্বক অর্থ বিভাগে সেফ -তহবিল এর অর্থ স্থানান্তরের প্রস্তাব পেশ করিতে পারেন।

ড. বাংলাদেশ ব্যাংক তার সাব সেফ- একাউন্ট সংক্রান্ত একটি মাসিক প্রতিবেদন প্রতিটি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এবং সংশ্লিষ্ট সিও -এর নিকট প্রতিমাসের প্রথম সপ্তাহে প্রেরণ করিবেন। এই মাসিক প্রতিবেদন সংস্থাকে সেফ -তহবিল এর খরচকৃত অর্থ পুনর্ভরণের জন্য দাতা সংস্থার নিকট দাবী পেশে (Reimbursement Claim) সাহায্য করিবে।

ঢ. প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা সেফ -তহবিল এর অর্থ উত্তোলনের অব্যবহিত পরেই খরচ করিবেন এবং খরচের পরপরই উহা পুনর্ভরণেরজন্য দাতা সংস্থার নিকট দাবী পেশ করিবেন। সেফ তহবিল হইতে একত্রে প্রকল্পের তিন মাসের স্থানীয় মুদ্রায় খরচের বেশী অর্থ টাকায় স্থানান্তর করা যাইবে না।

ণ. বাংলাদেশ ব্যাংকে (হিসাব বিভাগ) প্রতিটি সাব-সেফ একাউন্টের ত্রৈমাসিক রিপোর্ট যথাক্রমে ৭ই অক্টোবর, ৭ই জানুয়ারী এবং ৩০শে জুনের মধ্যে অর্থ বিভাগ (উন্নয়ন উইং) বহিঃসম্পদ বিভাগ (বৈদেশিক সাহায্য বাজেট শাখা) সংশ্লিষ্ট সিএও এবং মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করিবেন। সরকারী দপ্তর/ সংস্থা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য সার সেফ একাউন্ট হইতে সেন্ট্রাল একাউন্টে স্থানান্তরকৃত যাবতীয় সেফ তহবিল এর এবং সেফ একাউন্ট হইতে ব্যয়িত বৈদেশিক মুদ্রা খরচাদির প্রকৃত ও সঠিক হিসাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃপক্ষ দায়ি থাকিবেন। উপরে বর্ণিত পদ্ধতি অনুযায়ী বাংলাদেশ ব্যাংক হইতে প্রাপ্ত হিসাবের সহিত সংশ্লিষ্ট সিএও তাহার নিকট রক্ষিত হিসাব মিলাইবেন। ৭ই এপ্রিল তারিখের মধ্যে প্রেরিত বাংলাদেশ ব্যাংকের রিপোর্ট সংশ্লিষ্ট সংস্থা/ দপ্তর. প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ ও পরিকল্পনা কমিশনকে ঐ প্রকল্পের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রতিফলের জন্য প্রকল্প সাহায্য/ পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য (টাকাংশ) এর সংশোধিত বরাদ্দ চাহিদা পরীক্ষায় সাহায্য করিবে।

ত. বাংলাদেশ ব্যাংকে কর্তৃক প্রেরিত ৩০শে জুন এর ত্রৈমাসিক রিপোর্ট অনুযায়ী সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ সঠিক হিসাব নিরূপণ এর জন্য প্রতি (অর্থ) বছরের ৩০শে জুন তারিখে সমগ্র অর্থ বৎসরে সেফ তহবিলের অর্থ প্রাপ্তি ও খরচ সম্পর্কীয় একটি সমন্বয় আদেশ (Adjustment GO) জারী করিবেন। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রতিটি প্রকল্প এর জন্য চলতি অর্থ বৎসরে সেফ একাউন্ট হইতে স্থানান্তরিত তহবিলের প্রকৃত প্রতিফলনপূর্বক Adjustment GO যথাসময়ে জারীর বিষয়টি সংশ্লিষ্ট সিএও নিশ্চিত করিবেন।

থ. সেফ তহবিল সংক্রান্ত সকল খরচাদি এবং লেনদেন সংশ্লিষ্ট অনুমোদিত প্রকল্প ছক/ উন্নয়ন ঋণ চুক্তি/ প্রকল্প চুক্তিতে বর্ণিত শর্তাদি সাপেক্ষে করিতে হইবে। এতদসংক্রান্ত অর্থবিভাগের ২৯/০৫/১৯৮৫ইং তারিখের এমএফডি-১/ বিটি-১/ ১এ-২৬/ ৮৪-৮৫/ ত৭৬/ ১(১০০) নম্বর স্মারকে বর্ণিত শর্তাদিও যথাযথ ভাবে পালন করিতে হইবে।

দ. ঋণপত্র (Letter of Credit) খোলা এবং Retirement সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সরকারের বিদ্যমান বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিধি অনুসারে পরিচালিত হইবে।

স্বা/-
মোঃ সিদ্দিকুর রহমান চৌধুরী
উপ-সচিব (উন্নয়ন-১)
অর্থবিভাগ